# বাংলা (Bengali)

**203**

# মূল্যায়ন পত্র (Assignment)

**পূর্ণমান 20**

**নির্দেশিকা ঃ**

ক. প্রতিটি প্রশ্ন আবশ্যিক।

খ. উত্তর-পত্রের প্রথমপৃষ্ঠার উপরদিকে স্পষ্টভাবে নিজের— নাম, এনরোলমেন্ট নাম্বার, পাঠকেন্দ্রের (A1) নম্বর এবং বিষয় লিখুন।

১. যেকোনো একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর ৪০-৬০ টি শব্দের মধ্যে লিখতে হবে) ২

(ক) ''লালু-ক্ষণকাল চোখ বুজে রইলেন''— লালু সম্বন্ধে আপনার অভিব্যক্তি প্রকাশ করুন। লালুর চোখ বুজে থাকার কারণ বলুন। যেস্থানে লালু চোখ বুজে রইলেন সেখানকার পরিবেশ-এর বিবরণ দিন।

(খ) ''তবে যদি দয়া কর, ভুল দোষ, গুণধর''— 'তবে'— এই কথাটির মধ্যদিয়ে কবি কি মনোভাব প্রকাশ করতে চেয়েছেন? 'ভুল দোষ','গুণ ধর'— এই কথার মধ্যে কবির কী ধরনের মানসিকতা ধরা পড়ে এবং তা বর্তমান সমাজে কতটা গ্রহণযোগ্য, আপনার যুক্তি দিয়ে তার বিচার করুন।

(গ) (i) ''ভাষা সবার, উপভাষা কিছু মানুষের''— এই কথার মধ্য দিয়ে ভাষা ও উপভাষার সম্পর্ক নির্ণয় করুন।

অথবা

(ii) 'কৃষ্ণ' শব্দটির তদ্ভব রূপ এবং 'চাঁদ' শব্দটির তৎসম রূপটি লিখুন।

(ঘ) কোন্‌টি কী জাতীয় বিশেষ্য পদ তা নির্ণয় করুন ঃ (যেকোন ২টি)

বাঙালি ________, লোহা________, লীলা________, সংঘ________।

২. যেকোন একটি প্রশ্নের উত্তর লিখুন। (উত্তর ৪০-৬০টি শব্দের মধ্যে লিখতে হবে) ২

ক. ''শিরোমনি মহাশয় বললেন– বিশ্বেস? সদগোপ''— শিরোমণির পরিচয় দিন। 'বিশ্বেস' ও 'সদ্‌গোপ' বলতে তিনি কী বোঝাতে চেয়েছেন? কোন্ সময়ে তিনি এই মন্তব্য করেন? যাকে তিনি এই কথা বলেছিলেন, উত্তরে তিনি কী কী মন্তব্য করেন— তা উল্লেখ করুন।

(খ) ''বেহুলাও একদিন গাঙুড়ের জলে ভেলা নিয়ে''— বেহুলার পরিচয় দিন। গাঙুড় কোথায় অবস্থিত? বেহুলা কোন্ কারণের জন্য গাঙুড়ের জলে ভেলা নিয়ে গিয়েছিলেন। বর্তমান কবিতার মধ্যে কবি মধ্যযুগীয় মঙ্গলকাব্যের যে রীতির প্রকাশ ঘটালেন— তাকে আপনি কতটা যুক্তি যুক্ত বলে মনে করেন?

(গ) ''জানিস আমাদের গুরু আসবেন।''— সাধারণভাবে 'গুরু' বলতে আমাদের সাধারণ যে ধারণা থাকে, এই নাট্যাংশের মধ্যে গুরু সম্বন্ধে সেই ধারণার মধ্যে কোনো মিল আছে? ''গুরু আসবেন''— এই কথা শোনার পর শোনপাংশুদের অবস্থা কীরকম হয়েছিল তা নাট্যাংশ অবলম্বনে প্রকাশ করুন।

ঘ. ''একবার মাটির দিকে তাকাও/একবার মানুষের দিকে''— 'মাটি' এই কথাটির অংশ বিশ্লেষণ করুন? 'মানুষের দিকে'— এই কথাটির মাধ্যমে কবির ধারণা ব্যক্ত করুন। মাটি ও মানুষ যে পরিপূরক তা কবিতায় কীভাবে জানতে পারি।

৩. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর ৪০-৬০ টি শব্দের মধ্যে লিখতে হবে)। ২

(ক) আর্যদের আগমনের পূর্বে ভারতীয় সভ্যতা কেমন ছিল? আর্যদের আগমনের প্রমাণ কোথায় মেলে? আনুষাঙ্গিক কত খ্রীষ্টাব্দে আর্যদের আগমন ঘটে? কোন সভ্যতা পূর্ণতা লাভ করতে কি কি বিষয় আবশ্যক?

(খ) '''সে পেয়েছে ছাড়পত্র এক'— 'ছাড়পত্র' বলতে কবি কী বুঝিয়েছেন। ছাড়পত্রকে পেয়েছে এবং এই ছাড়পত্র পাওয়ার খবর কবি— কোথা থেকে সংগ্রহ করেছেন। যে ছাড়পত্র পেয়েছে সে তার অধিকার কীভাবে ব্যক্ত করবে এবং সমাজে সে, কীভাবে সাধারণ শিশুদের বাসযোগ্য করে থাকবে— তা বিশ্লেষণ করুন।

(গ) ''মেলা হয় এক প্রশস্ত মাঠে''— কোন মেলা? সেই মেলার মূল আকর্ষন কী? সেই আকর্ষনের বিষয়বস্তুর সংক্ষিপ্ত বিবরণ দিন।

(ঘ) ঝিকমিক্ ঝিক্মিক্/ ঝিক্মিক্ ঝিক্মিক্''— যে কবি এই কবিতা লিখেছেন তাঁর নাম এবং বাংলা সাহিত্যে তিনি যে নামে খ্যাত তা লিখুন। কবিতার মধ্যে কবি এতবার 'ঝিক্মিক্' কথাটি ব্যবহার করেছেন— কাব্য ও ব্যাকরনের পরিভাষায় একে কী বলা হয়? 'ফাল্গুন ফুলবন'— কবি কেন ফাল্গুন কে ফুলবন বলেছেন তা লিখুন।

৪. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর ১০০-১৫০ টি শব্দের মধ্যে লিখতে হবে) ৪

(ক) ''দেখদেখ, এই ছোট্ট সবুজ উঠোনেই হামাগুড়ি দেয়''— উঠোনকে সবুজ বলা হয়েছে কেন? কে হামাগুড়ি দেয়? এই অংশটির মধ্যে দিয়ে তথা সমগ্র কবিতার মধ্যে দিয়ে কবি কী সামাজিক সত্য প্রকাশ করতে চেয়েছেন— আপনার বিচার বিবেচনায় তা ব্যক্ত করুন।

(খ) ''দেবদূর্লভ যজ্ঞের অধিকারিণী তিনি''— কার কথা বলা হয়েছে? তাঁর 'যজ্ঞ' দেব দূর্লভ কেন? এছাড়াও তাঁর সর্ম্পকে কোনো তথ্য জানা থাকলে তা বিস্তারিতভাবে ব্যক্ত করুন।

(গ) ভাবসম্প্রসারণ করুন ঃ- উত্তম নিশ্চিন্তে চলে অধমের সাথে
তিনিই মধ্যম যিনি চলেন তফাতে।

(ঘ) 'অবাক জলপান'— নাটকে পথিকের সঙ্গে কাঁদের কাঁদের দেখা হয়েছিল? তাদের মধ্যে যে কোনো দুজন সম্পর্কে কিছু কথা লিখুন।

৫. যে কোনো একটি প্রশ্নের উত্তর লিখুন (উত্তর ১০০-১৫০ টি শব্দের মধ্যে লিখতে হবে)। ৪

(ক) নীচের সংকেতের সাহায্যে একটি পত্র রচনা করুন।

আপনি পরিবারের আর্থিক অনটনের জন্য বিদ্যালয়ে নিয়মিত পড়তে পারেননি। কাজ করার ফাঁকে ফাঁকে রাষ্ট্রীয় মুক্ত বিদ্যালয় থেকে মাধ্যমিক পরীক্ষা দেবেন— ভালো ফল করতে অন্যান্যপাঠ্যপুস্তক দরকার— তাই পার্শ্ববর্তী এক বিদ্যালয়ের গ্রন্থাগার ব্যবহার করতে চেয়ে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয়ের কাছে পত্র লিখুন।

(খ) নীচের অংশটির সারসংক্ষেপ করুনঃ

হে আমার তরুণ বন্ধুগণ, আপনাদের উৎসবের দিনে শুধু এই কথাটিই আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই যে, আমরা শুধু হিন্দু-মুসলমান নই— আমরা মানুষ। সেই মানুষের অনন্ত দুঃখ, অনন্ত সুখ, অনন্ত রূপ, সে আজ আমাদের সামনে অস্পৃশ্য অন্ত্যজ রূপে এসেছে, মহাপ্রেমিক রূপে এসেছে। শুধু এই তার চরম অভিব্যক্তি নয়। মানুষের ইতিহাসের ধারা এখানে এসেই থেমে যায়নি। মানুষের নব নব দুঃখ, নব নব সুখ, নব নব রূপ, কালের পর্যায়ে পর্যায়ে আমাদের সামনে উদ্‌ঘাটিত হচ্ছে। সে সমস্তের দিকে আমরা যদি না তাকাই, শুধু হিন্দু আর মুসলমান মানুষের এই কোনো একটা যুগের রূপকে তার চরম রূপ বলে মনে করি, তবে শুধু এই পরিচয় দেওয়া হবে যে, আমরা অন্ধ আর অন্ধ চিরদিনই হাতড়ে হাতড়ে ধাক্কা খেয়ে চলে, অল্প সময়ের জন্যও বুক ফুলিয়ে রাজপথ দিয়ে চলবার অধিকার তার নেই।

(গ) ''মাটির পৃথিবী পানে আখি মেলি সবে/ দেখি সেথা কলকল রবে''— ''মাটির পৃথিবী'' বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ''দেখি সেথা কলকল রবে''— কলকল রবে'— এই কথা কীসের ইঙ্গিত বহন করছে? যারা মাটির পৃথিবীতে আছেন তাদের কর্মকাণ্ডের বর্ণনা করুন।

ঘ. নীচের প্রবাদ/প্রবচনগুলির যে কোনো দুটির সার্থক বাক্যে প্রয়োগ দেখান ঃ-

(১) ডুমুরের ফুল (২) গৌরচন্দ্রিকা (৩) চাঁদের হাট (৪) মশা মারতে কামান দাগা।

৬. যে কোনো একটি বিষয়ে প্রকল্প রচনা করন। ৬

(ক) কম্পিউটার ও আধুনিকতা

(স্তরবিন্যাস ঃ কম্পিউটার বিষয়ে সাধারণ আলোচনা— কম্পিউটার-এর মাধ্যমে করণীয় কাজ—আপনার ক্ষেত্রে এর প্রয়োজনীয়তা - উপকারী বা অপকারী বিচার— আপনার চারপাশে- এর কার্যকারিতা—বর্তমান পাঠক্রমে এ বিষয়ে পাঠদানের যৌক্তিকতা— মূল্যায়ন।)

(খ) পথ নিরাপত্তার প্রয়োজনীয়তা

(স্তরবিন্যাস ঃ'পথনিরাপত্তা' বাস্তবধারণা—বর্তমান শহরে যানবাহন ব্যবস্থা—কিছু কিছু দূর্ঘটনার বিবরণ— একজন ট্রফিক পুলিশের দৃষ্টিকোণ থেকে পথ নিরাপত্তা— পথচারীদের শিক্ষণীয় বিষয়— প্রতিবেদন।)

(গ) দূর শিক্ষার প্রসার ঃ-

(স্তরবিন্যাস ঃ দূরশিক্ষা কী ও কেন?— সাধারণ শিক্ষাব্যবস্থার সঙ্গে এই শিক্ষার পার্থক্য— আপনার অঞ্চলে এই শিক্ষার প্রসার সম্পর্কে তথ্য আলোচনা— দূরশিক্ষার বিভিন্ন কেন্দ্র ও তার পরিকাঠামো উন্নয়নে আপনার সুনিশ্চিত মতামত— এর ভবিষ্যৎ)।

(ঘ) আপনার প্রিয় শিক্ষক ঃ

(স্তর বিন্যাসঃ জীবনে শিক্ষকের প্রয়োজনীয়তা— আপনার প্রিয় শিক্ষক সম্পর্কে সাধারণ মত— তাঁর কোন্ কোন্ বিষয় আপনাকে আকৃষ্ট করে— আপনার চলার পথে তাঁর অবদান)